Program Learning Outcome (POs) in B.A. Bengali (4Years Major)

**শিক্ষার্থীরা স্নাতকস্তরের বাংলা ভাষা ও সাহিত্যের পাঠ্যক্রম থেকে নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে অবহিত হবে :**

PO.1 শিক্ষার্থীদের বাংলা সাহিত্যের আদি, মধ্য ও আধুনিক যুগ সম্পর্কে জানার পাশাপাশি সাহিত্যের রাজনৈতিক, সাংস্কৃতিক এবং আর্থসামাজিক প্রেক্ষাপট সম্পর্কে ধারণা হয়।

PO.2 বাংলা সাহিত্যের আদি, মধ্যযুগের ধর্মীয় পটভূমি সম্পর্কে জানে।

PO.3 সমায়ানুক্রমিক সাহিত্যের ইতিহাসের অনুশীলনে সমাজ জীবনের ধারাবাহিক বিবর্তন সম্পর্কে সচেতন হয়ে উঠবে।

PO.4 বাংলা ভাষা এবং বর্ণনামূলক ভাষাবিজ্ঞান সম্পর্কে শিক্ষার্থীরা বিস্তৃত জ্ঞান অর্জন করে।

PO.5 বিবিধ প্রেক্ষিতে বাংলা সাহিত্যের বিভিন্ন রচনার মাধ্যমে সমাজে নারীর অবস্থান সম্বন্ধে জানবে।

PO.6 পাঠ্য বিষয়গুলির মাধ্যমে শিক্ষার্থীরা মানবিক সম্পর্ক এবং নারী-পুরুষের মনোজগৎ সম্বন্ধে অবহিত হবে।

PO.7 পাঠ্য রচনাগুলির মধ্যে মানব চরিত্র ও মনস্তাত্ত্বিক ক্রিয়া-প্রতিক্রিয়ার বিশ্লেষণ একটি গুরুত্বপূর্ণ বিষয়।

PO.8 বিভিন্ন সামাজিক-রাজনৈতিক আন্দোলন যেমন সাহিত্যকে প্রভাবিত করে তেমনই সাহিত্যর দ্বারা সমাজ-রাজনীতিও প্রভাবিত হয়। পাঠ্য সাহিত্যের মাধ্যমে শিক্ষার্থীরা বিভিন্ন সামাজিক আন্দোলনের সম্পর্কে জানতে পারে।

PO.9 বাংলা ভাষার শব্দ ভাণ্ডার, উপভাষা এবং ব্যাকরণ সম্পর্কে শিক্ষার্থীরা জানতে পারে।

PO.10 সাহিত্যিকদের জীবনদর্শন, রচনা-শৈলী, বিষয়-ভাবনার কালক্রমিক বিকাশ ও বিবর্তনের সঙ্গে শিক্ষার্থীদের পরিচয় হয়।

PO.11 মুদ্রণ ও প্রকাশনা সম্পর্কে সাধারণ জ্ঞান অর্জন করে পড়ুয়ারা।

PO.12 অনুবাদ, গ্রন্থ সমালোচনা, কনন্টেন্ট রাইটিং এবং ডায়েরি লেখা ইত্যাদি পেশা ভিত্তিক বিষয়গুলি সম্পর্কে পড়ুয়াদের ব্যবহারিক ধারণা তৈরি হয় ।

BNG-H-CC-1-1

**বাংলা সাহিত্যের ইতিহাস (আদি ও মধ্য যুগ)**

Course learning outcomes (COs)

এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবেঃ

- বাংলা ভাষা ও সাহিত্যের উদ্ভবের সময় থেকে ১৮০০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বাংলা সাহিত্যের বিভিন্ন ধারার সঙ্গে শিক্ষার্থীদের পরিচিতি ঘটানো এই পাঠের উদ্দেশ্য।
- বাংলা সাহিত্যের যুগবিভাগ সম্পর্কিত বিতর্ক ও সমাধান বিষয়ে আলোচনা।
- আদি ও মধ্যযুগের রাজনৈতিক ,আর্থ-সামাজিক ও ধর্মীয় পটভূমি সম্পর্কে ধারণা।
- উপরোক্ত ধারণার ওপর ভিত্তি করে এই পর্বের সাহিত্যের বিবর্তন ও বিকাশ সম্পর্কে জ্ঞান লাভ।
- মধ্যযুগের সাহিত্য ও সংস্কৃতিতে চৈতন্যদেবের প্রভাব  বিষয়ে অবহিত হবে।

# BNG-H-CC-2-2
## বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা

Course learning outcomes (COs)

এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবেঃ

- এই কোর্স থেকে বাংলা ভাষাতত্ত্ব ও ধনিতত্ত্ব সম্পর্কে ধারণা  লাভ করবে।
- ভাষার প্রাথমিক ধারণা অর্থাৎ ধ্বনি,বর্ণ, অক্ষররের সংজ্ঞা ও পারস্পরিক সম্পর্ক বিষয়ে বিশদ ধারণা লাভ করবে ছাত্রীরা।
- বাংলা শব্দভাণ্ডার বিষয়ে বিশদ জ্ঞান লাভ করবে।
- ধ্বনি পরিবর্তনের ধারা, শব্দার্থ পরিবর্তনের ধারা বিষয়ে সম্যক ধারণা লাভ করবে।
- বাংলা উপভাষা বিষয়ে ধারণা ।
- বাংলা ভাষার রূপতাত্ত্বিক আলোচনা অর্থাৎ ব্যাকরণ বিষয়ক আলোচনা ভাষার ভিত দৃঢ় করবে।

BNG-H-CC-3-3

**বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)**

Course learning outcomes (COs)

এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে:

- ঔপনিবেশিক আধুনিকতা বাঙালির জীবনচর্চা ও সাহিত্যে যে প্রভাব ফেলেছিল সেই সম্পর্কে ধারণা।
- ঊনবিংশ শতাব্দীর কবিতা নাটক ও কথাসাহিতের গতিপ্রকৃতির পরিচয়।
- সামাজিক বিবর্তনের প্রেক্ষিতে সাময়িক পত্রের উদ্ভব ও বিকাশ সম্পর্কে ধারণা।
- বাংলাগদ্যের গঠন, চর্চা ও বিবর্তনে শ্রীরামপুর মিশন ও ফোর্ট উইলিয়াম কলেজের অবদান বিষয়ে ধারণা।
- ঊনবিংশ শতাব্দীর বাংলা কবিতা ও কথাসাহিত্যে নারীর প্রথম পদক্ষেপ সম্পর্কে জানা।

BNG-H-CC-4-3

**বাংলা সাহিত্য- প্রবেশক পাঠ**

Course learning outcomes (COs)

এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে:

- প্রাচীনযুগ থেকে আধুনিকযুগ পর্যন্ত নির্বাচিত কবিতার সঙ্গে পরিচয়।
- নির্বাচিত ছোটগল্প অবলম্বনে শিক্ষার্থীদের রসাস্বাদনের প্রয়াস।
- রবীন্দ্রনাথ এবং রবীন্দ্রোত্তর বিংশ শতাব্দীর প্রতিনিধিস্থনীয় ছোটগল্পকারদের সঙ্গে শিক্ষার্থীদের পরিচয়।
- নাট্যকার মধুসূদন দত্তের 'একেই কি বলে সভ্যতা' প্রহসন পাঠের মাধ্যমে শিক্ষার্থীদের উনিশ শতকের বঙ্গীয় আর্থসামাজিক প্রেক্ষাপটের সঙ্গে পরিচয় করানোর প্রয়াস।

## BNG-H-SEC-1-1/2-TH-TU

**মুদ্রণ ও প্রকাশনা**
(Credit-4)

# Course learning outcomes (COs)

**এই কোর্সটি থেকে শিক্ষার্থীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। বাংলা মুদ্রণ ও প্রকাশনা সংক্রান্ত সাধারণ পেশাদার জ্ঞনার্জন করবে পড়ুয়ারা।
২। পাণ্ডুলিপি প্রস্তুত করা, সংগ্রহ, সম্পাদনা ও সংকলন সম্বন্ধে শিখবে ছাত্রীরা।
৩। কভার, টাইটেল পেজ, গ্রন্থ/ পত্রিকার পঞ্জিকরণ প্রস্তুতি শিখবে।

<u>BNG-H-SEC-2-2-TH-TU</u>

**ব্যবহারিক বাংলা–১**

(Credit-4)

## Course learning outcomes (COs)

**এই কোর্সটি থেকে শিক্ষার্থীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। চিঠিপত্র লেখার মতো অতি প্রয়োজনীয় ব্যবহারিক বিষয়ে শিক্ষার্থীরা জ্ঞানার্জন করবে।
২। অনুবাদ, গ্রন্থসমালোচনা এবং কনটেন্ট রাইটিং-এর মতো পেশাভিত্তিক বিষয়গুলি সম্বন্ধে ছাত্রীদের ধারণা হবে।
৩। দিনপঞ্জি, রচনা, ইংরেজি থেকে বাংলায় অনুবাদ করাও শিখবে ছাত্রীরা।

PO-CO MAPPING

Core Course for B.A. BNG-H

| S.No | POs | CC1 | CC2 |
|---|---|---|---|
| 1 | PO1 | √ | |
| 2 | PO2 | √ | |
| 3 | PO3 | √ | |
| 4 | PO4 | | √ |
| 5 | PO5 | | |
| 6 | PO6 | | |
| 7 | PO7 | | |
| 8 | PO8 | | |
| 9 | PO9 | | √ |
| 10 | PO10 | √ | |
| 11 | PO11 | | |
| 12 | PO12 | | |

Core Course for B.A. BNG-H ( SEC )

| S.No | POs | CC1 | CC2 |
|---|---|---|---|
| 1 | PO1 | | |
| 2 | PO2 | | |
| 3 | PO3 | | |
| 4 | PO4 | | |
| 5 | PO5 | | |
| 6 | PO6 | | |
| 7 | PO7 | | |
| 8 | PO8 | | |
| 9 | PO9 | | |
| 10 | PO10 | | |
| 11 | PO11 | √ | √ |
| 12 | PO 12 | √ | √ |